গাংনীতে বিএনপির ১০ দফা ও বিদ্যুদের মূল্য কমানোর দাবীতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরের গাংনী উপজলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে গাংনী উপজেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশে তত্বাবধায়ত নিরপেক্ষ সরকারের অধিীনে নির্বাচন,বেগম খালেদা জিয়ারসহ সকল রাজবন্ধীদের নিঃশর্ত মুক্তিসহ ১০ দফা দাবী ও বিদ্যুতের মুল্য কমানোর দাবী করা হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভােপিতত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাবেদ মাসুদ মিল্টন।

উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আবদাল হোসেন, জেলা যুব দলের সাধারণ সম্পাদক কাউছার আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসনে মেঘলা, জেলা উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপল, বিএনপি নেতা মনিরুজ্জামান গাডডু, আলফাজ উদ্দীন কাল, মহিলা দলের নেতৃ ও উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান লাইলা আরজুমান বানু, মহিলা দলের নেতৃ ফেরদোসা বেগম,সেচ্চা সেবক দলের নেতা বাচ্চু,কৃষক দলের নেতা শাওন, উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব,সদস্য সচিব রিপন হোসেনসহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মোকবুল হোসেন মেঘলার সঞ্চালনায় বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, বর্তমান সরকার নিশি রাতের সরকার। সৈরাচারী সরকার। ভোট চুরির সরকার। গুম খুনের সরকার। এই নিশি রাতের সরকারের অধিনে আর কোন নির্বাচনে অংশ গ্রহন করবেনা বিএনপি। বিগত দিনের নির্বাচন হয়েছে ডিজিটাল পর্যায়ের নির্বাচন। যা ডিজিটাল কায়দায় ভোট চুরি করা হয়েছে। ডিজিটাল কায়দায় দেশের

টাকা চুরি করে বিদেশে পাঠিয়ে দেশকে আজ নিঃস্ব করে তুলেছে নিশি রাতের সরকার। রাতারাতি দ্রব্যমুল্যের দাম বৃদ্ধি করে জনগনকে বিপদে ফেলেছেন। হাটবাজারে গেলে অনেকেই পরিবারের চাহিদা অনুযায়ী খাদ্যপণ্য কিনতে পারছেননা। অভাব অনটনের মধ্য দিয়ে পরিবার চালাতে হচ্ছে কৃষকসহ স্বল্প আয়ের মানুষ॥ আর এইসকল নির্যাতিত, নিপীড়িত,শোষিত মানুষকে মুক্ত করতে যারা সৈরাচারী সরকারের পতনের ডাকে সাড়া দিয়েছে তারাই এই প্রজন্মের মুক্তিযোদ্ধা। সরকার দলীয়দের নানা অত্যাচার সহ্য করতে করতে মানুষ আজ জেগে উঠেছে,মানুষ আজ রাজ পথে নেমেছে। আর মানুষ যখন প্রতিবাদের কথা বলতে পারছে খুব শিঘ্রই সরকারের পতন ঘটবে। তাই এই সকারের মেয়াদ শেষের আগেই পদ ত্যাগ দাবী করেন।

তিনি আরও বলেন, গাংনীতে যারা বিএনপির নেতাকর্মীদের নামে মির্থ্যা মামলা করে হয়রানী করছে তাদের তালিকা করছে বিএনপি। সরকারের সময় সারা দেশের বিএনপির যেসকল নেতাকর্মীকে গুম করা হয়েছে তাদেরকে পরিবারের মাঝে ফিরিয়ে দেয়ার দাবী করা হয় বিক্ষোভ সমাবেশে।

গাংনীতে নিজেরাই ককটেল বিস্ফোরণ ঘটিয়ে বিএনপির নিরিহ ছেলেদের নামে মামলা করা হয়েছে। যে ব্যাক্তি এই মামলার বাদী হয়েছেন তার নামও তালিকায় রাখা হয়েছে। তবে তিনি এসব নোংরা খেলা থেকে আওয়ামীলীগের নেতাকর্মীদের সাবধান হওয়ারও হুশিয়ারী দিয়েছেন। তিনি বলেছেন, বিএনপি আপনাদের অনেক আঘাত মুখ বুঝে সহ্য করেছে। আপনারা শুধু মেরেছেন,হামলা করেছেন, মামলা করেছেন.অফিস ভাংচুর করেছেন,নির্যাতন করেছেন এখন আর তা করার চেষ্টা করবেননা। করলে দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে বলেও বক্তব্য বলেন তিনি।

জাভেদ মাসুদ মিল্টন বলেন, ১০ দফা দাবী আদালেয়র যে আন্দোলন তা মেহেরপুর জেলার গাংনী উপজেলা বিএনপি আগে করেছে। এরপর ইউনিয়ন ও গ্রাম পর্যায়ের আন্দোলনের মাধ্যমে সরকার পতন ও নির্দলীয় নিরপেক্ষ তত্বাবধায়ক সরকার গঠন হবে এবং বর্তমান নির্বাচন কমিশনারকে পদত্যাগে বাধ্য করা হবে। জনগনের ভোটাধিকার ফিরয়ে দিয়ে এবং তত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিলে আগামীতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল(বিএনপি) বিপুল সংখ্যক আসন নিয়ে সরকার গঠন করবে বলে আশাব্যাক্ত করেন বিক্ষোভ সমাবেশে অংশ গ্রহনকারি বিএনপির নেতাকর্মীরা। গাংনী উপজেলা বিএনপি আয়োজিত বিক্ষোভ সমাবেশে উপজেলার বিভিন্ন এলাকা থেকে বিপুল সংখ্যক বিএনপি নেতাকর্মী ও সমর্থকরা অংশ গ্রহন করেন।

মেহেরপুরে বিএনপির অপরাংশের বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরে বিএনপির ১০ দফা দাবি ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর বড়বাজারে বিএনপির অপরাংশের কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি আলমগীর খান ছাতু। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন যুগ্ন সম্পাদক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সহ সংগঠনিক সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

জেলা যুবদলের সঞ্চালনা করেন সহসাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল। সমাবেশে আরো উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টুসহ নেতাকর্মীরা।

মেহেরপুরে বিএনপির ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ অনিুষ্ঠত হয়েছে। সোমবার বিকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় চত্তরে এ সমাবেশ

অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও পৌর বিএনপি সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে সমা বেশেপ্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা উপজেলা বিএনপির সভাপতি এডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র যুগ্ন সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, মহিলা দলের সভাপতি সাইয়েদুন্নেসা নয়ন, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আকিব জাবেদ সেনজিন। স

ঞ্চালনায় ছিলেন পৌর বিএনপি সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ। সমাবেশে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

সোমবার বিকালে মিছিলটি কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বের হয়। আর কোটচাঁদপুর বাজার চত্বরে এসে শেষ হয়। এরপর বাজার চত্বরের বিএনপির কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। এ সময় তারা পুলিশের হাতে আটক নেতা কর্মীদের মুক্তির দাবি করেন। নিন্দা জানান নেতা কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হয়রানি করার। সমাবেশ সঞ্চালনায় ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত

মেহেপুরে যুগপৎ আন্দোলন ও রাষ্ট্রকাঠামো মেরামত রুপরেখার লিফলেট বিতরণ

মেহেরপুরে বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও তারেক রহমান-এর রাষ্ট্রকাঠামো মেরামত রূপরেখা’র লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি ‘র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে বিএনপির নেতকর্মীরা পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক সাবেক কমিশনার মনিরুল ইসলাম,

মাহবুবুর রহমান, ১নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি ও পৌর বিএনপি’র সহ-সভাপতি হাবিব ইকবাল,জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো,জেলা জাসাসের আহ্বায়ক মাহফুজুর রহমান অশেষ,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজীব খান, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে — এ্যাড. নিতাই রায় চৌধুরী

বিএনপির ভাইস চেয়ারম্যান এ্যাড. নিতাই রায় চৌধুরী বলেছেন, পাল্র্◌ামেন্ট বহাল রেখে নির্বাচন পৃথিবীর কোথাও নেই। একজন এমপি থেকে নির্বাচন করবেন আরেকজন এমপি না হয়ে নির্বাচন করবেন, যে কারণে আমরা ২০১৪ সালের নির্বাচন বয়কট করেছি, ২০১৮ সালের নির্বাচনও বয়কট করেছি। তাই আগামী নির্বাচনের আগেই পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরে বিএনপি ঘোষীত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও রাষ্ট্র কাঠামো মেরামতের রুপরেখা নিয়ে ব্যাখ্যা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিএনপির আন্দোলন ব্যর্থতে পরিণত হয়েছে সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, পাগলে কিনা বলে ছাগলে কিনা খাই. আওয়ামী লীগ নেতাদের এখন এই অবস্থা। দেশের ৮০ ভাগ জনগণ তাদের এ ধরণের বক্তব্য ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। গত ১৫ বছর ধরে আমাদের ইফাতারপার্টি করতে দেওয়া হয়নি, মানববন্ধন করতে দেওয়া হয়, কোন সমাবেশ করতে দেওয়া হয়নি। ইফতার পার্টি থেকে, মানববন্ধন থেকে

আমাদের নেতাকর্মীদের ধরে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের সোনার ছেলেদের গুম করা হয়েছে। আমাদের সমাবেশ করা, হরতাল আহবান করা, ঘেরাও করা সাংবিধানিকভাবে গণতান্ত্রিক অধিকার। সেগুলো তারা হরণ করে এখন ভুলভাল বক্তব্য দিয়ে বেড়াচ্ছে। বিএনপি একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। তাই গণতান্ত্রিক ব্যবস্থায় পার্লামেন্ট ভেঙে দিয়ে নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিতে হবে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ সাংগঠনিক বাবু জয়ন্ত কুমার কুণ্ডু, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, ইলিয়াস হোসেন, সহসভাপতি আলমগীর খান ছাতু, আব্দুর রহমান। আলোচনা সভায় মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে ছাত্রদলের অপরাংশে প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেল মেহেরপুর বড় বাজার জেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গণে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্বে জিয়া মঞ্চ মেহেরপুর জেলা শাখার সিনিয়র যুগ্ম আহ্বায়ক মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ফয়েজ মোহাম্মদ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, জেলা যুবদলের সদস্য ডা. খাইরুল,

জেলা যুবদল নেতা ইসমাইল হোসেন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জেলা ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন, পৌর ছাত্রদল নেতা ফুর্তি হাসান, সদর থানা ছাত্রদলের নেতা জয়নাল আবেদীন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা ইয়াসিন আলী সহ জেলা বিএনপি ও যুবদল এবং ছাত্রদলের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড় বাজার জেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গণে সমাবেশ স্থানে শেষ হয়।

মেহেরপুরে ছাত্রদলের ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দু’হাত রাঙাও বারুদে, প্রস্তুত থেকো,প্রস্তুত রেখো নিজেকে এই স্লোগানে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৪তম প্রতিষ্টাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রদলের উদ্যোগে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গণে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আকিব জাবেদ সেনজির,সদস্য সচিব আফিরুল ইসলাম। সদর উপজেলা

ছাত্রদলের আহ্বায়ক মোল্লা নাজমুল হোসেন,সদস্য সচিব ফজলে রাব্বি। গাংনী উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সাজেদুর রহমান বিপ্লব,সদস্য সচিব রিপন হোসেন, মেহেরপুর পৌরসভা ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী,সদস্য সচিব জার্জিস ইউসুফ রৌমিক,গাংনী পৌরসভা ছাত্রদলের আহ্বায়ক জুয়েল রানা,সদস্য সচিব মোঃ শিশির প্রমুখ।

ছাত্র সমাবেশে জেলা ছাত্রদলের সকল ইউনিটের ছাত্রনেতা ও সাবেক ছাত্রদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলো।

মেহেরপুরে জাসাসের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) এর ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার জেলা বিএনপির কার্যালয়ে দলটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাসাসের মেহেরপুর জেলা কমিটির আহবায়ক মাহফুজুর রহমান অশেষের সভাপতি প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা এনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস গাংনী উপজেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম সেলিম, গাংনী পৌর সভাপতি সোহরাভ হোসেন, সাধারণ সম্পাদক সুলেরী আলভি, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ।

কোটচাঁদপুর ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির কর্মী গ্রেফতার

ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির নেতা-কর্মীকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করেছেন তাদেরকে। মামলায় সংশ্লিষ্টতা ছাড়া নিরীহ মানুষকে হয়রানি করা হবে না বললেন,মামলার তদন্তকারি কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল বুধবার (০৭-১২-২২) তারিখ রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কামরুল হাসান (কাকন) বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন। যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। ওই মামলায় পুলিশ শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালান। এ সময় থানা পুলিশ ৬ বিএনপি নেতা-কর্মীকে গ্রেফতার করেন।

এরমধ্যে রয়েছে কোটচাঁদপুর পৌরসভার দুধসরা গ্রামের জয়নাল হোসেনের ছেলে কাউন্সিলর আবু হানিফ, ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,উপজেলার গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেলে মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,ইকড়ার শমসের মন্ডলের ছেলে ইব্রাহিম মন্ডল,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান, বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান বলেন,ওই মামলায় ৬ জনকে আটক করা হয়েছে। মামলায় এজাহার ভুক্ত কোন আসামি নাই। সবাই অজ্ঞাত। মামলার আসামি গ্রেফতার অভিযান চলমান রয়েছে।

তিনি আরো বলেন, মামলার সংশ্লিষ্টতা ছাড়া কোন নিরীহ মানুষকে এ মামলায় হয়রানি করা হবে না।